

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৪৩৮]

৫০/ আশ্বিয়া কিরাম (আঃ) (كتاب أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ২০৪৫. মহান আল্লাহর বাণীঃ স্মরণ কর এ কিতাবে মারিয়ামের কথা। যখন সে তার পরিজন থেকে পৃথক হল। (১৯ঃ ১৬) شَرَقًا শব্দটি شَرَقَ শব্দ থেকে, যার অর্থ পূর্বদিকে। فَأَجَاءَهَا শব্দটি جِئْتُ হতে فعل এর রূপে হয়েছে। أَلَجَّاهَا এর স্থলে أَلَجَّاهَا ও বলা হয়েছে যার অর্থ হবে তাকে অস্থির করে তুললো। تَسْقُطُ শব্দটি تَسَقَطُ এর অর্থ দিবে। قَاصِيًا শব্দটি قَاصِيًا এর অর্থে ব্যবহৃত। فَرِيًا অর্থ বিরাট। ইবন আব্বাস (রাঃ) বলেছেন نَسِيًا অর্থ আমি যেনি কিছুই না থাকি। অন্যরা বলেছেন, النَّسِيُّ অর্থ তুচ্ছ, ঘৃণিত। আবু ওয়ায়েল (রহঃ) বলেছেন, মারিয়ামের উক্তি إِنَّ كُنْتُ تَقِيًا এর অর্থ যদি তুমি জ্ঞানবান হও। ওকী (রহঃ) ... বলেন, বারআ (রাঃ) থেকে বর্ণিত, سَرِيًا শব্দটির অর্থ সুরইয়ানী ভাষায় ছোট নদী।

بَابُ: {وَاذْكُرْ فِي الْكِتَابِ مَرْيَمَ إِذِ انْتَبَذَتْ مِنْ أَهْلِهَا نَبَذْنَاهُ الْقَيْنَاهُ. اِعْتَزَلَتْ {شَرَقِيًا} مِمَّا يَلِي الشَّرْقَ {فَأَجَاءَهَا} أَفْعَلْتُ مِنْ جِئْتُ، وَيُقَالُ أَلَجَّاهَا اضْطَرَّهَا. {تَسَقُطُ} {قَاصِيًا} قَاصِيًا {فَرِيًا} عَظِيمًا. قَالَ ابْنُ عَبَّاسٍ: {نَسِيًا} لَمْ أَكُنْ شَيْئًا. وَقَالَ غَيْرُهُ النَّسِيُّ الْحَقِيرُ. وَقَالَ أَبُو وَائِلٍ عَلِمْتُ مَرْيَمَ أَنَّ التَّقِيَّ ذُو نُهْيَةٍ حِينَ قَالَتْ: {إِنْ كُنْتُ تَقِيًا}. قَالَ وَكِيعٌ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ: {سَرِيًا} نَهْرٌ صَغِيرٌ بِالسُّرْيَانِيَّةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ الْمُغِيرَةِ، عَنْ مُجَاهِدٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " رَأَيْتُ عِيسَى وَمُوسَى وَإِبْرَاهِيمَ، فَأَمَّا عِيسَى فَأَحْمَرُ جَعْدٌ عَرِيضُ الصَّدْرِ، وَأَمَّا مُوسَى فَأَدْمُ جَسِيمٌ سَبُطٌ كَأَنَّهُ مِنْ رِجَالِ الزُّطِّ "

বাংলা

৩১৯৬। মুহাম্মদ ইবনু কাসীর (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, (মিরাজের রাতে) আমি ঈসা (আলাইহিস সালাম), মূসা (আলাইহিস সালাম) ও ইব্রাহীম (আলাইহিস সালাম)-কে দেখেছি। ঈসা (আলাইহিস সালাম) গৌর বর্ণ,কেঁকড়ানো চুল এবং প্রশস্ত বক্ষবিশিষ্ট লোক ছিলেন, মূসা (আলাইহিস সালাম) বাদামী রং বিশিষ্ট ছিলেন, তাঁর দেহ ছিল সুঠাম এবং মাথার চুল ছিল সোজা যেন 'যুত' গোত্রের একজন লোক।

English

Narrated Ibn `Abbas:

The Prophet (ﷺ) said, "I saw Moses, Jesus and Abraham (on the night of my Ascension to the heavens). Jesus was of red complexion, curly hair and a broad chest. Moses was of brown complexion, straight hair and tall stature as if he was from the people of Az-Zutt."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=3454>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন